

কারবারের নিরাপত্তা

পেশার মর্যাদা

আর্থ-সামাজিক উন্নয়ন

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেন্ডর ইউনিয়ন

ন্যাশনাল ফিশওয়ার্কার্স ফোরাম (NFF) অনুমোদিত

এক ইউনিয়ন রেজিঃ নং ২৩২১৯

ব্লক উন্নয়ন আধিকারিক  
দেশপাণ ব্লক, ঢোলমারি  
পূর্ব মেদিনীপুর  
পশ্চিমবঙ্গ

তারিখ ১।০৮।১২


বিষয়ঃ দরিদ্র মৎস্যজীবীদের জন্য সরকারি গীতাঞ্জলি আবাসন প্রকল্পের উপভোক্তা হিসাবে তালিকাভুক্তির আবেদন।

মাননীয় মহাশয়,

মৎস্য দপ্তর সূত্রে আমরা অবগত হয়েছি যে সরকার গরীব মৎস্যজীবীদের জন্য গীতাঞ্জলি আবাসন প্রকল্প নামে একটি প্রকল্প এনেছেন। মৎস্য দপ্তর আমাদের এও জানিয়েছে যে সব ধরনের মৎস্যজীবী অর্থাৎ যারা মাছ ধরে, মাছ বেছে, মাছ শুকিয়ে এবং মাছ বিক্রি করে জীবিকা নির্বাহ করে তারা সবাই এই প্রকল্পের উপভোক্তা হওয়ার জন্য আবেদন করতে পারবেন।

উপকূলীয় মৎস্য ভেন্ডররা অত্যন্ত গরীব। বেশীরভাগ মৎস্য বিক্রেতারই পাকা বাড়ি তো দূরের কথা এমনকি বাসযোগ্য কাঁচা বাড়িও নেই। প্রায় সব উপকূলীয় মৎস্য ভেন্ডরই তপশিলী জাতি ও অন্যান্য পশ্চাদপদ শ্রেণী ভুক্ত।

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেন্ডর ইউনিয়ন এই পত্রের সাথে দেশপাণ ব্লক, ঢোলমারি স্থিত অতি দুঃস্থ ও প্রকৃত বাসযোগ্য গৃহহীন মৎস্য ভেন্ডরদের নামের একটি তালিকা আপনার কাছে পেশ করছে। আমাদের একান্ত অনুরোধ এই যে তালিকাভুক্ত গরীব মৎস্য ভেন্ডরদের নাম গীতাঞ্জলি আবাসন প্রকল্পের উপভোক্তা হিসাবে নথিভুক্ত করার সুপারিশ করে এই দুঃস্থ মৎস্যজীবী পরিবারগুলির একটু মাথা গুঁজবার ব্যবস্থা করতে সাহায্য করবেন।



নমস্কারান্তে,

আপনার বিশ্বস্ত

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেন্ডর ইউনিয়ন  
সম্পাদক  
23.07.12

সম্পাদক

অচিন্ত্য প্রস্তুতকারী,  
Medinipur (E), Dist. Fishworkers' Vendor's Union.

সুজয় কৃষ্ণ জানা  
অফিস সম্পাদক

অফিস ঠিকানা - ন্যাশনাল ফিশওয়ার্কার্স ফোরাম (NFF) কার্যালয়, অধি সেন্ট্রাল ফ্লোর স্ট্যান্ড (প্রতীকা লজের পিছনে)

অচিন্ত্য প্রস্তুতকারী, মোবাইল: ৯৮০০৭৭৭৪৫৮; সুজয় জানা, মোবাইল: ৯৭০৩৮৪৪১৫১